গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক

জুলাই ০১, ২০১৫ – জুন ৩০, ২০১৬

# সূচীপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র.......................................................................................................১

উপক্রমণিকা........................................................................................................................২

সেকশন -১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী..............................৩

সেকশন-২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ................................................৪

সেকশন-৩ : কৌশলগত উদ্দেশ্য ,অগ্রাধিকার,কার্যক্রম, কর্মসম্পাদন এবং লক্ষ্যমাত্রাসমূহ............................................৫-৭

সংযোজনী-১: শব্দ সংক্ষেপ (Acronyms) .........................................................................................৯

সংযোজনী-২ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী উইং/অফিস/ইউনিট/প্রকল্প বং পরিমাপ পদ্ধতি.............................১০

সংযোজনী-৩ কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/ সংস্থার উপর নির্ভরশীলতা...................................১১

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview Performance)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ
## কৃষি বিপণন অধিদপ্তরের সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ওয়েবসাইটের (ইন্টারনেট) মাধ্যমে বাজার তথ্য সংগ্রহ ও প্রচার কার্যক্রম ৬৪টি জেলায় ও ৪টি উপজেলায় সম্প্রসারণ করা হয়েছে। কৃষকদের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষে ইতোপূর্বে নির্মিত ২১টি পাইকারী বাজার, ৬০টি গ্রোয়ার্স মার্কেট এবং ঢাকার গাবতলীতে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত সেন্ট্রাল মার্কেট চালু করাসহ ১টি ট্রাক, ৭টি কুল ভ্যান এর মাধ্যমে প্রয়োজনীয় সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। কৃষি পণ্য বাজারজাতকরণ ও মূল্য সংযোজনের লক্ষ্যে ০৫টি অফিস কাম প্রক্রিয়াজাতকরণ কাম ট্রেনিং সেন্টার এবং নির্বাচিত জেলাসমূহে ০৮টি এসেম্বল সেন্টার নির্মাণ করা হয়েছে। ইতোমধ্যে ১৩৩০টি ফার্মাস মার্কেটিং গ্রুপ গঠন, ২১৪০ জনকে মোটিভেশনাল ট্যুর প্রদান এবং সর্বমোট ২২৫০০ জন কৃষাণ কৃষাণীকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। শস্য গুদাম ঋণ কার্যক্রমের অধীনে ৩৫টি জেলায় বিদ্যমান ১২৬টি (চালু ১১৫টি) গুদামের মাধ্যমে ৪০,৪২৭ জন কৃষকের ৪,৪২,৫২০ মেট্রিক টন শস্য সংরক্ষণ এর বিপরীতে মোট ৭,৮৬৪.৯৪ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। কৃষি ব্যবসা উন্নয়নের লক্ষ্যে ৩৩,৪৩২ জন উদ্যোক্তা সৃষ্টি করা হয়েছে।

## কৃষি বিপণন অধিদপ্তরের বিদ্যমান সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

উপযুক্ত জনবলের অভাবে বিপণন সংশ্লিষ্ট অগ্র ও পশ্চাদ সংযোগ, মূল্য সংযোজন, সাপ্লাই চেইনসহ দল ও চুক্তি ভিত্তিক বিপণন যোগসূত্র স্থাপন কার্যক্রম ব্যহত হচ্ছে। অনুমোদিত নিয়োগবিধি না থাকায় শূন্য পদে নিয়োগ কার্যক্রম বন্ধ থাকায় দেশব্যাপী বিপণন কার্যক্রম পরিচালনা করার জন্য প্রয়োজনীয় জনবলের অভাবে জেলা পর্যায়ে মাত্র ২-৩ জন জনবল দ্বারা বিপণন কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না। আধুনিক ও যুগোপযোগী বিপণন সেবা নিশ্চত করার জন্য প্রয়োজনীয় লজিস্টিকস্ যেমন: নিজস্ব অফিস ভবন, প্রশিক্ষন কেন্দ্র, যানবাহন, প্রয়োজনীয় সরঞ্জাম ইত্যাদি'র প্রয়োজন।

## অধিদপ্তরের ভবিষ্যত কর্মপরিকল্পনাঃ

কৃষি উৎপাদন বৃদ্ধির সাথে সাথে কৃষির বাণিজ্যিকিকরণ, কৃষি ব্যবসা ও কৃষি ভিত্তিক শিল্পের প্রসার এবং কৃষি পণ্য রপ্তানী বৃদ্ধি পেয়েছে। সুষ্ঠু ও আধুনিক বিপণন ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে কৃষিপণ্যের হাট বাজার সমূহের ব্যবস্থাপনা ও উন্নয়নে ভুমিকা রাখা এবং গুরুত্বপূর্ণ হাট-বাজার ও উৎপাদন এলাকায় আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ করা । বাজার সিন্ডিকেট তৈরির মাধ্যমে আধিক মুনাফা লাভ রোধকল্পে বাজারে কৃষি উপকরণ ও কৃষিপণ্যের মজুদ ও সরবরাহ স্থিতিশীল রাখার লক্ষ্যে পণ্যের উৎপাদন, আমদানী ও রপ্তানী বিষয়ে হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ এবং অধিক মুনাফা লাভ রোধকল্পে আমদানীকারক, পাইকারী ও খুচরা ব্যবসায়ীদের সর্বোচ্চ মুনাফা অর্জনের পরিমান নির্ধারণ এবং কৃষি পণ্যের ভ্যালু চেইন ও সাপ্লাই চেইন উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান ও আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন। কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ বিশেষ করে গৃহ পর্যায়ে এবং ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে প্রক্রিয়াজাতকরণ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ঋণ সুবিধা প্রদান, পণ্য বিপণনে সহায়তার নিমিত্ত ব্রান্ডিং, মোড়কীকরণ, সার্টিফিকেশন ইত্যাদি সুবিধা উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান।

## ২০১৫-১৬ অর্থবছরে কৃষি বিপণন অধিদপ্তরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

* বাজার তথ্য প্রচারে ঢাকাসহ গুরুত্বপূর্ণ শহরে চলতি বছরে ১০টি Digital Display Board স্থাপন করা হবে এবং Website এর আধুনিকায়নসহ E–Marketing System প্রচলন করা হবে।
* কৃষিপণ্যের যাবতীয় তথ্য সংগ্রহ ও প্রচার পদ্ধতি Digitalize করা হবে এবং On line Monitoring করা হবে।
* প্রকল্প হতে ১,০০০ জন কৃষি ব্যবসায় উদ্যোক্তা সৃষ্টি করা হবে এবং ১০০ টি কৃষক বিপণন দল গঠন করা হবে।
* মূল্য সংযোজন কার্যক্রমের আওতায় ২,৪৪০/ কৃষক/ব্যবসায়ীকে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ নেয়া হবে এবং ৩৬০ জন দলভূক্ত কৃষক প্রতিনিধি কে মেটিভেশনাল ট্যুর দেয়া হবে।
* উন্নয়ন প্রকল্পের আওতায় দেশের বিভিন্ন স্থানে আরও ৪টি এসেম্বল সেন্টার নির্মাণ কাজ সম্পন্ন হবে।

## উপক্রমণিকা (Preamble)

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, কৃষি মন্ত্রণালয় এর মধ্যে

২০১৫ সালের অক্টোবর মাসের ৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

**সেকশন -১:**

**কৃষি বিপণন অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী**

## ১.১ রূপকল্প (Vision):

উৎপাদক, বিক্রেতা ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ও কৃষি ব্যবসা উন্নয়ন

## ১.২ অভিলক্ষ্য ( Mission) :

আধুনিক সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ এবং কৃষিপণ্যের বিপণন ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের চাহিদা ও যোগান নিরুপণ, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ক তথ্য ব্যবস্থাপনা ও প্রচার করা।

## ১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ কৃষি বিপণন অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

কৃষি পণ্যের পর্যাপ্ত সরবরাহ ও উপযুক্ত মূল্য প্রাপ্তি নিশ্চিতকরণে সহায়তা।

## ১.৪ কার্যাবলী (Functions):

১) কৃষিপণ্যের বাজার তথ্য, গবেষণা, মার্কেট রেগুলেশন ও বাজার সম্প্রসারণ।

২) বিপণন ব্যবস্থাপনার উন্নয়ন ও বাস্তবায়নে কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা ও ভোক্তাসেবা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন।

৩) দ্রব্যমূল্য পর্যালোচনা, মূল্যের পূর্বাভাস ।

৪) প্রধান প্রধান ফসলের সরকার কর্তৃক ন্যূনতম সংগ্রহ মূল্য নির্ধারণে সরকারকে সহযোগিতা।

৫) ব্যবসায়ী ও পরিবহন সংস্থার সহায়তায় উৎপাদন এলাকা হতে ঘাটতি এলাকায় দ্রুত পণ্য সরবরাহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।

৬) "কৃষিপণ্য মূল্য উপদেষ্টা কমিটি" এর মাধ্যমে কৃষিপণ্যের নূন্যতমমূল্য নির্ধারণ করতে সরকারকে সহায়তা প্রদান।

৭) বাণিজ্যিক ভিত্তিতে কৃষিপণ্য উৎপাদন, বিপণন, ভ্যালু চেইন উন্নয়ন এবং কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধ করা;

সেকশন ২

## কৃষি বিপণন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তিবছর ২০১৩-১৪ | প্রকৃত* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [Source (s) of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | |
| বাজার তথ্যের সহজ প্রাপ্যতা | ওয়েবসাইটে প্রচারিত বাজার দর | সংখ্যা | ১৯২০০ | ২০০০০ | ২০০০০ | ২২০০০ | ২৪০০০ | বিটিসিএল | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| বাজার প্রবেশাধিকার নিশ্চিতকরণ | বাজারে প্রবেশাধিকার প্রাপ্ত কৃষক | সংখ্যা | ৫০০ | ৭০০ | ১০০০ | ২০০০ | ৩০০০ | বিএডিসি, এলজিইডি | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| কৃষকের সক্ষমতা বৃদ্ধি | প্রশিক্ষণ প্রাপ্ত কৃষক | সংখ্যা | ১৩৬৪০ | ৯৬০০ | ২৩৪০ | ৭৮০০ | ৯৬০০ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | গ্রুপভূক্ত কৃষক | সংখ্যা | ৪৩৩০ | ৮৯৭০ | ১০০০ | ৪০০০ | ৬০০০ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| ক্ষুদ্র ও মাঝারী কৃষি ব্যবসা সম্প্রসারণ | কৃষি ব্যবসা উদ্যোক্তা সৃষ্টি | সংখ্যা (হাজার) | ৩ | ১ | ১ | ১ | ১ | সংশ্লিষ্ট এনজিও (আশা, ব্র্যাক, টিএমএস) ও ব্যাংক (বেসিক ব্যাংক ও ইবিএল) | এনজিও কর্তৃক প্রণীত ত্রৈমাসিক প্রতিবেদন |
| কৃষি পণ্যের মূল্য সংযোজন বৃদ্ধি | প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তা | সংখ্যা | ২০০ | ৪০০ | ১০০ | ২০০ | ৪০০ | আরডিএ, বগুড়া | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

## সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহঃ

| কৌশলগত উদ্দেশ্য ( strategic Objectives ) | কৌশলগত উদ্দেশ্যের মান ( Weight of Strategic Objective ) | কার্যক্রম ( Activities ) | কর্মসম্পাদন সূচক ( Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators ) | ভিত্তি বছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়ামান ( Target/Criteria Value for FY 2015-16 ) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্য সমূহ | | | | | | | | | | | | | | |
| ১। কৃষি পণ্যের পর্যাপ্ত সরবরাহ ও উপযুক্ত মূল্য প্রাপ্তি নিশ্চিতকরণে সহায়তা | ৮৫ | ১.১ কৃষি বিপণন ও উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ | ১.১.১. ওয়েব সাইটে বাজার মূল্য প্রকাশ | সংখ্যা | ১০ | ১৯২০০ | ২০০০০ | ২০০০০ | ১৯৫০০ | ১৯০০০ | ১৮৫০০ | ১৮০০০ | ২২০০০ | ২৪০০০ |
| | | | ১.১.২ প্রকাশিত বুলেটিন | সংখ্যা | ১০ | ২৫২০ | ৪০০০ | ৪০০০ | ৩৭০০ | ৩৫০০ | ৩২০০ | ৩০০০ | ৪২০০ | ৪৪০০ |
| | | | ১.১.৩ প্রকাশিত প্রতিবেদন | | ১০ | ১৬৮ | ৩০০ | ৩০০ | ২৭৫ | ২৫০ | ২২৫ | ২০০ | ৩৫০ | ৩৫০ |
| | | ১.২ বাজার উন্নয়নে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান | ১.২.১ প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ১০ | ১৩৮৪০ | ১০০০০ | ২৪৪০ | ২২০০ | ২০০০ | ১৭০০ | ১৫০০ | ৮০০০ | ১০০০০ |
| | | | ১.২.২ জমাকৃত ফসলের উপর প্রদানকৃত ঋণ | কোটি টাকা | ৩ | ১৬.০০ | ১১.৭৩ | ১৪.৮০ | ১৪.৫০ | ১৪.২০ | ১৪.০০ | ১৩.৮০ | ১৫.২০ | ১৫.৯০ |
| | | | ১.২.৩ এসেম্বল সেন্টার নির্মাণ | সংখ্যা | ৯ | ৫ | ২ | ৪ | ৩ | ২ | ০ | ০ | ৮ | ১০ |
| | | | ১.২.৪ শস্য গুদাম মেরামত | সংখ্যা | ১০ | ৪৮ | ৪ | ১ | ০ | ০ | ০ | ০ | ১৪ | ১৬ |
| | | | ১.২.৫ কৃষক বিপণন দল গঠন | সংখ্যা | ১০ | ৪৩৩ | ৮৯৭ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৪০০ | ৬০০ |
| | | | ১.২.৬ মোটিভ্যাশনাল ট্যুর | সংখ্যা | ১০ | ১২৪০ | ৯০০ | ৩৬০ | ৩২৪ | ২৮৮ | ২৫২ | ২১৬ | ৬০০ | ৮০০ |
| | | ১.৩ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা | ১.৩.১ কৃষি ব্যবসায় উদ্যোক্তা সৃষ্টি | সংখ্যা | ৩ | ৩০০০ | ১০০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১১০০ | ১২০০ |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত | তারিখ | ১ | ২৮ এপ্রিল ২০১৬ | ৫ মে ২০১৬ | ১২ মে ২০১৬ | ১৯ মে ২০১৬ | ২৬ মে ২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়[1] | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১ ডিসেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থায় বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্স চার্টার প্রণয়ন | পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |

[1] ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘণ্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)** | **কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)** | **কার্যক্রম (Activities)** | **কর্মসম্পাদন সুচক (Performance Indicator)** | **একক (Unit)** | **কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)** | **লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ (Target Value -2015-16)** | | | | |
| | | | | | | অসাধারণ (**Excellent**) | অতি উত্তম (**Very Good**) | উত্তম (**Good**) | চলতি মান (**Fair**) | চলতিমানের নিম্নে (**Poor**) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সচিবের এর নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, কৃষি মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষি মন্ত্রীর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাপরিচালক তারিখ
কৃষি বিপণন অধিদপ্তর

সচিব তারিখ
কৃষি মন্ত্রণালয়

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআইসিসি | এগ্রিকালচার ইনফরমেশন এন্ড কমিউনিকেশন সেন্টার |
| ২ | এআইএস | এগ্রিকালচার ইনফরমেশন সার্ভিস |
| ৩ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ৪ | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ৫ | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ ইনস্টিটিউট |
| ৭ | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ৮ | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ৯ | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ১০ | ইবিএল | ইস্টার্ন ব্যাংক লিমিটেড |
| ১১ | এফএমজি | ফার্মার্স মার্কেটিং গ্রুপ |
| ১২ | এলজিইডি | লোকাল গর্ভমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট/প্রকল্প | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | [১.১.১] ওয়েব সাইটে বাজার মূল্য প্রকাশ | কেন্দ্রীয়, বিভাগীয় ও জেলা পর্যায় থেকে বিভিন্ন কৃষিপণ্যের বাজারদর সংগ্রহ করে দৈনিক, সাপ্তাহিক ও মাসিক বাজারদর কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট। | |
| ২। | [১.১.২] প্রকাশিত বুলেটিন | কৃষি পণ্যের বাজার মূল্য, ফসল সংগ্রহোত্তর সংরক্ষণ, বিপণন ইত্যাদি তথ্য সম্বলিত কৃষি বিপণন বুলেটিন প্রকাশ করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | প্রকাশিত বুলেটিন। | |
| ৩। | [১.১.৩] প্রকাশিত প্রতিবেদন | কৃষি বিপণন সম্পর্কিত বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন। | |
| ৪। | [১.২.১] প্রশিক্ষিত কৃষক | কৃষি বিপণন সম্পর্কে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন। | |
| ৫। | [১.২.২] জমাকৃত ফসলের উপর প্রদানকৃত ঋণ | কৃষিপণ্য আমানতের বিপরীতে বাণিজ্যিক ব্যাংক থেকে কৃষকদেরকে ঋণ প্রদান করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| ৬। | [১.৩.১] সহায়তাপ্রাপ্ত কৃষি ব্যবসার উদ্যোক্তা | কৃষি ব্যবসার উদ্যোক্তা সৃষ্টির জন্য বিভিন্ন তথ্য সরবরাহ করে এবং ঋণ সুবিধা গ্রহণে সাহায্য করে কৃষি ব্যবসায় উদ্যোক্তা সৃষ্টিতে সহায়তা করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |

**সংযোজনী ৩ :**অন্যান্য প্রতিষ্ঠানের/ .....................বিভাগের/ নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের/ প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| (প্রযোজ্য নহে) | | | | | | |